



জাতীয় সংসদে হুইপ হলেন এবিএম আশরাফ উদ্দিন নিজান



এবিএম আশরাফ উদ্দিন নিজান, ছবি: সংগৃহীত

লক্ষ্মীপুর-৪ আসনের সংসদ সদস্য এবিএম আশরাফ উদ্দিন নিজানকে জাতীয় সংসদের হুইপ হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। সোমবার (২ মার্চ) রাষ্ট্রপতির আদেশক্রমে জাতীয় সংসদ সচিবালয় থেকে এ নিয়োগের প্রজ্ঞাপন জারি করা হয়।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, The Bangladesh (Whips) Order, ১৯৭২ এর বিধান অনুযায়ী ত্রয়োদশ জাতীয় সংসদের হুইপ হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়েছেন আলহাজ্ব মো. জি কে গউছ (হবিগঞ্জ-৩), রকিবুল ইসলাম (খুলনা-৩), মিয়া নূরুদ্দিন আহমেদ অপু (শরিয়তপুর-৩), এম রুহুল কুদ্দুস তালুকদার দুলা (নাটোর-২), মো. আখতারুজ্জামান (দিনাজপুর-৪) এবং এবিএম আশরাফ উদ্দিন নিজান (লক্ষ্মীপুর-৪)।

এবিএম আশরাফ উদ্দিন নিজান এই আসন থেকে তৃতীয়বার নির্বাচিত হয়েছেন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ধানের শীষ প্রতীকে তিনি ১ লাখ ১৩ হাজার ৭২৫ ভোট পেয়েছেন এবং নিকটতম প্রতিদ্বন্দ্বীর চেয়ে ৪২ হাজার ৫৬৬ ভোটে জয়লাভ করেছেন। তিনি বাংলাদেশ জাতীয়তাবাদী দলের কেন্দ্রীয় সহ-শিল্প ও বাণিজ্য বিষয়ক সম্পাদক। এর আগে ২০০১ ও ২০০৮ সালেও একই আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন।

হুইপ হিসেবে নিয়োগের খবরে রামগতি-কমলনগর এলাকায় আনন্দের বন্যা বইছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে শুভেচ্ছা ও অভিনন্দনের পোস্ট ছড়িয়ে পড়েছে। কমলনগর উপজেলা বিএনপির সভাপতি নূরুল হুদা চৌধুরী বলেন, “লক্ষ্মীপুর-৪ আসনের নেতা হিসেবে এবিএম আশরাফ উদ্দিন নিজানের হুইপ হওয়া রামগতি-কমলনগরবাসীর জন্য গর্বের বিষয়। এতে জাতীয় পর্যায়ে তার ভূমিকা শক্তিশালী হবে এবং এলাকার উন্নয়ন কর্মসূচি ত্বরান্বিত হবে।”